

পন্ডিত দীন দয়াল উপাধ্যায় রাষ্ট্ৰীয় কৃষি বিজ্ঞান প্রোৎসাহন পুরস্কার-২০১৬

নয়াদিল্লি, ১৫ মার্চ, ২০১৭

কৃষি উন্নতি মেলা-২০১৭-র উদ্বোধনী অনুষ্ঠান চলাকালে নয়াদিল্লির পুসায় 'ভারতীয় কৃষি গবেষণা প্রতিষ্ঠান (আই এ আর আই)-এ ২০১৭-র ১৫ মার্চ বেলা ১১টায় ২০১৬ বর্ষের জন্য "পন্ডিত দীন দয়াল উপাধ্যায় রাষ্ট্ৰীয় কৃষি বিজ্ঞান প্রোৎসাহন পুরস্কার" প্রদান করা হবে।

২০১৬-য় অক্টোবর মাসের পথিকৃৎ পন্ডিত দীন দয়াল উপাধ্যায় জি-র জন্ম শতবর্ষ। ভারত সরকার এই উপলক্ষে "পন্ডিত দীন দয়াল উপাধ্যায় রাষ্ট্ৰীয় কৃষি বিজ্ঞান প্রোৎসাহন পুরস্কার"-এর সূচনা করেছে। এই পুরস্কারের মোট অর্থমূল্য ৫০ লক্ষ টাকা, যার মধ্যে জাতীয় স্তরে ২৫ লক্ষ টাকার একটি পুরস্কার এবং আঞ্চলিক পর্যায়ে ২.২৫ লক্ষ টাকার ১১-টি পুরস্কার প্রতি বছর প্রদান করা হবে। এই পুরস্কার বিজয়ীদের সম্পর্কে সারা দেশের কৃষি বিজ্ঞান কেন্দ্রগুলির কাছ থেকে প্রাপ্ত মনোনয়নের ভিত্তিতে নির্বাচক কমিটি সিদ্ধান্ত গ্রহণ করেছে।